"ছেলে হোক ,মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল।
www.http://fpo.tangail.gov.bd

স্মারক নং-৫৯.১১.৯৩০০.০০০.৯৯.০০০.২৩- ২৮৩,

তারিখঃ- ১৫/০২/২০২৩খ্রিঃ।

বরাবর,
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/(ক্লিনিক)
-------------------------, টাঙ্গাইল ।

বিষয়ঃ- পরিবার কল্যাণ সেবা ও প্রচার মাস (১৮.০২.২০২৩ - ১৬.০৩.২০২৩) উদ্‌যাপন ।

পরিবার পরিকল্পনা বিভাগ দেশের জনসংখ্যাকে একটি কাংখিত মাত্রায় রাখতে, মাতৃমৃত্যু, শিশু মৃত্যুর হার কমিয়ে আনতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে আসছে । SDG'র বিভিন্ন সূচক সমূহে অগ্রগতি অর্জনের মাধ্যমে সকলের জন্য সু-স্বাস্থ্য নিশ্চিত করা আমাদের অন্যতম লক্ষ্য।

এ লক্ষ্যকে সামনে রেখে পরিবার পরিকল্পনা বিভাগ, টাঙ্গাইল এর উদ্যোগে পরিবার কল্যাণ সেবা ও প্রচার মাস ((১৮.০২.২০২৩_১৬.০৩.২০২৩) উদ্‌যাপনের উদ্যোগ নেয়া হয়েছে ।

পরিবার কল্যাণ সেবা ও প্রচার মাস উপলক্ষে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে ঃ

**পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপন সপ্তাহ**
(১৮.০২.২০২৩_-২৩.০২.২০২৩)

১। প্রতিটি উপজেলা ইউনিয়ন ভিত্তিক পরিচ্ছন্নতা পরিকল্পনা গ্রহণ করবে ।
২। প্রতিটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের হাসপাতাল ও বাসভনের অভ্যন্তরভাগ পরিষ্কার করতে হবে ।
৩। প্রতিটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বাইরের সকল ধরণের আবর্জনা, আগাছা পরিষ্কার করতে হবে ।
৪। উপজেলা গুদাম এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের গুদাম পরিচ্ছন্ন করতে হবে ও অথবা Layout অনুযায়ী মালামাল সাজাতে হবে ।
৫। গুদামসমূহের ব্যবহার অযোগ্য দ্রব্যাদি চিহ্নিত করতে হবে এবং ধ্বংস এবং নিলাম করতে হবে ।
৬। পরিচ্ছন্নতা কাজে SACMO, FWV,FPI,FWA,MLSS, AYA_সহ সকলে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।
৭। প্রয়োজনে এক বা একাধিক Labour নিয়োগ করতে হবে । Labour নিয়োগের ক্ষেত্রে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় সহযোগিতা করবে ।
৮। পরিচ্ছন্নতার জন্য প্রয়োজনীয় উপকরণ যেমন মগ, বালতি, হারপিক, দা, কোদাল ইত্যাদির ব্যবস্থা করতে হবে ।
৯। মাননীয় প্রধান মন্ত্রী ঘোষিত " এক ইঞ্চি জমিও ফাঁকা রাখা যাবে না" নীতি অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভূমির উপযোগী ফলদ বৃক্ষ, শাক-সবজী রোপনের ব্যবস্থা করতে হবে ।
১০। পরিচ্ছন্নতার পূর্বের ও পরের ছবি সংরক্ষণ করতে হবে ।
১১। প্রতিটি ইউনিয়নে অবশ্যই ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটি/এফডব্লিউসি ব্যবস্থাপনা কমিটির সভার আয়োজন করতে হবে।
১২। সভায় ইউপি চেয়ারম্যান, মেম্বারসহ সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে ।
১৩। সভায় প্রদত্ত চেকলিষ্ট অনুসরণে অবকাঠামোগত উন্নয়ণে চেয়ারম্যান তথা স্থানীয় সরকারের সহায়তা চাইতে হাবে ।
১৪। প্রতিটি উপজেলা যে কোন একটি এফডব্লিউসি-তে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করতে হবে ।
১৫। সেবা মাস/সপ্তাহটি পত্রিকা, ডিসচ্যানেল, অনলাইন পোর্টাল, স্থানীয় টিভি, ফেসবুক-এ ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে ।

গর্ভবতী নিবন্ধন, জন্ম নিবন্ধন ও প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধিকরণ সপ্তাহ ঃ
(২৫/০২/২০২৩ হতে ০২/০৩/২০২৩)

১। কর্মপরিকল্পনা প্রণয়ন।
২। প্রত্যেক এফডব্লিউএ তার কর্মএলাকার সকল অনিবন্ধিত গর্ভবতীর নিবন্ধন করবে ।
৩। "একজন গর্ভবতীও নিবন্ধনের বাইরে থাকবেনা" এটি নিশ্চিত করা ।
৪। শূন্য ইউনিটরেও গর্ভবতী নিবন্ধনের ব্যবস্থা করতে হবে।
৫। FWC/MCWC-তে জন্ম নেয়া সকল শিশুর নিবন্ধন নিশ্চিত করতে হবে । গর্ভবতী নিবন্ধনকালে সকল অনিবন্ধিত শিশুর নিবন্ধন নিশ্চিত করতে হবে । এ বিষয়ে এফপিআই ইউনিয়ন পরিষদের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।
৬। এ সপ্তাহে প্রত্যেক এফডব্লিউএ তার কর্মএলাকায় অন্তত দুটি উঠান বৈঠক/মা সমাবেশ /গর্ভবতী সমাবেশ করবে । এ বিষয়ে এফপিআই তাকে সর্বাত্মক সহায়তা প্রদান করবে ।
৭। উঠান বৈঠকগুলোতে প্রাতিষ্ঠানিক প্রসব সেবা গ্রহণের উদ্বুদ্ধ করতে হবে ।
৮। উঠান বৈঠকে অংশগ্রহণকারীদের মধ্যে এফডব্লিউএ, এফপিআই, এফডব্লিউভি এর ভিজিটিং কার্ড বিতরণ করা যেতে পারে ।
৯। ইডিডি রেজিষ্টার অনুসরণ করে সকল গর্ভবতীকে মোবাইল ফোনে প্রতিষ্ঠানিক প্রসব সেবা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে ।
১০। প্রসব সেবা গ্রহণকারীদের Gift প্রদান করা যেতে পারে ।
১১। প্রতিটি সেবা ট্যাবে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে ।

**অস্থায়ী পদ্ধতির গ্রহীতা বৃদ্ধি ও ড্রপআউট রোধ সপ্তাহঃ**
(০৪.০৩.২০২৩ হতে ০৯.০৩.২০২৩ )

১। কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে ।
২। প্রতিটি ইউনিয়নে ৪টি করে ইনজেকশন ক্যাম্প করতে হবে ।
৩। এফডব্লিউভি যথারীতি তার স্যাটেলাইট করবে।
৪। এফপিআই উপাত্ত যাচাই নিশ্চিত করবে ।
৫। প্রতি কর্মীর পদ্ধতি ভিত্তিক ড্রপআইট এর হার ৫% এর নীচে রাখতে হবে ।
৬। এফডব্লিউএ সকল গ্রহীতার নিকট জন্ম নিরোধক সামগ্রী পৌছানো নিশ্চিত করবে ।
৭। সকল কর্মকর্তা SCMP এর মাধ্যমে সকল পর্যায়ে Stock যাচাই করবে এবং যথাযথ Stock নিশ্চিত করবে ।
৮। জন্ম নিরোধক সামগ্রীর ব্যবহার বিধি গ্রহীতাকে অবহিত করবে ।
৯। প্রত্যেক এফডব্লিউএ সপ্তাহে দুটি করে উঠান বৈঠক করবে ।
১০। উঠান বৈঠকের জন্য আশ্রয়ন/আবাসনকে অগ্রাধিকার দিতে হবে ।
১১। সকল ক্ষেত্রে FWA, FWV-কে FPI, SACMO সার্বিক সহায়তা প্রদান করবে ।

**স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতির গ্রহীতা বৃদ্ধিকরণ সপ্তাহঃ**
(১১.০৩.২০২৩ হতে ১৬.০৩.২০২৩)

১। সার্জনের নার্সসহ ক্যাম্পের সময় সূচী প্রণয়ন।
২। প্রতিটি ইউনিয়নের ২টি করে আইইউডি ক্যাম্পের আয়োজন ।
৩। প্রত্যেক উপজেলা সকল ইউনিয়নকে সম্পৃক্ত করে ইমপ্লান্ট/স্থায়ী পদ্ধতির ক্যাম্প আয়োজন করবে ।
৪। ইউনিয়ন ভিত্তিক লক্ষ্যমাত্রা এবং কর্মীভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে ।
৫। প্রতিটি ক্যাম্পের পূর্বে কর্মকর্তাবৃন্দ ক্যাম্পে এ গ্রহীতা প্রেরণের জন্য কর্মীদের সাথে যোগাযোগ করবেন ।

সেবা মাসের বিভিন্ন সপ্তাহে গৃহীত কর্মসূচীসমূহ যথাযথ গুরুত্বের সাথে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো ।

স্বাঃ-
(মোঃ মতিউর রহমান)
উপপরিচালক
পরিবার পরিকল্পনা ,টাঙ্গাইল।
ই-মেইল ddtangail@dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.৯৩০০.০০০.৯৯.০০০.২৩-২৮৩/২২(৬০) তারিখঃ-১৫/০২/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ( জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর,৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২। পরিচালক,---------------------(সকল) পরিবার পরিকল্পনা অধিদপ্তর,৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, আজিমপুর, ঢাকা-১২০৫ ।
৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল ।
৫। সিভিল সার্জন, টাঙ্গাইল ।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল ।
৭। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল ।
৮। চেয়ারম্যান উপজেলা পরিষদ---------------------------------(সকল), টাঙ্গাইল ।
৯। উপজেলা নির্বাহী অফিসার,---------------------------------(সকল), টাঙ্গাইল ।
১০। চেয়ারম্যান --------------------------ইউনিয়ন পরিষদ, উপজেলা---------------, টাঙ্গাইল ।
১১। অফিস কপি।

১৫.০২.২৩
(মোঃ মতিউর রহমান)
উপপরিচালক
পরিবার পরিকল্পনা ,টাঙ্গাইল।